# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

## GAP ভ্যালিডেশনের কারিগরি প্রতিবেদনের খসড়া চূড়ান্তকরণ বিষয়ক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) ও আহবায়ক, GAP ইউনিট, বিএআরসি। |
| তারিখ ও সময় | : | ২২ এপ্রিল ২০২৫ খ্রি.; সকাল ১০:৩০ ঘটিকা। |
| স্থান | : | সভাকক্ষ-২, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| কর্মশালার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট 'ক' |

GAP ভ্যালিডেশনের কারিগরি প্রতিবেদনের খসড়া চূড়ান্তকরণ বিষয়ক কারিগরি সভা গত ২২ এপ্রিল ২০২৫ ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) এবং আহ্বায়ক, GAP ইউনিট, বিএআরসি সভাপতিত্বে সকাল ১০:৩০ ঘটিকায়, বিএআরসি'র সভাকক্ষ-২, ফার্মগেট, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভার শুরুতে তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন, কারিগরি প্রতিবেদনটি GAP সংশ্লিষ্ট সকল তথ্য সম্বলিত হতে হবে। তিনি সংশ্লিষ্ট বিজ্ঞানীদের দৃষ্টি আকর্ষণ করে আরও বলেন, এটি বাংলাদেশ GAP মাঠ পর্যায়ে বাস্তবায়নের প্রথম কারিগরি প্রতিবেদন বিধায়, এটি প্রণয়নের ক্ষেত্রে আরও বেশি যত্নবান হওয়ার অনুরোধ জানান।

২.০। অতঃপর তিনি সভার সূচি অনুযায়ী নির্বাচিত ৮টি ফসলের GAP ভ্যালিডেশনের কারিগরি প্রতিবেদনের খসড়া উপস্থাপনের জন্য মনোনীত বিজ্ঞানীবৃন্দকে আহবান জানান। ড. মোঃ মসিউর রহমান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল বিভাগ, এইচআরসি, বিএআরআই, গাজীপুর; ড. মোঃ শরফ উদ্দিন, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল বিভাগ, এইচআরসি, বিএআরআই, গাজীপুর; ড. আশরাফুল আলম, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল বিভাগ, এইচআরসি, বিএআরআই, গাজীপুর; ড. বাহাউদ্দিন আহমেদ, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সবজি বিভাগ, এইচআরসি, বিএআরআই, গাজীপুর; ড. মোহাম্মদ রবিউল ইসলাম, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সবজি বিভাগ, এইচআরসি, বিএআরআই, গাজীপুর; এবং ড. একেএম কামরুজ্জামান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সবজি বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর নির্বাচিত ফসল যথাঃ কাঁঠাল, আম, পেয়ারা, কাঁচাপেঁপে, লাউ, পটল, বেগুনের কারিগরি প্রতিবেদনের খসড়া উপস্থাপন করেন।

৩.০। আলোচনায় অংশ নিয়ে ড. মোঃ আমজাদ হোসেন, সাবেক মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা), ময়মনসিংহ ও রিভিয়ার, GAP কারিগরি প্রতিবেদন কমিটি বলেন, আমের কারিগরি প্রতিবেদনের Abstract অংশে গাছের বয়স এবং আমের বোটা আধা সেন্টিমিটার রেখে ফল সংগ্রহ (হারভেস্ট) করা হয়েছে, এই তথ্যগুলো স্পষ্টভাবে উল্লেখ করা প্রয়োজন। তিনি আরও বলেন, কাঁচাপেঁপে সংগ্রহের উপযুক্ত পরিপক্বতার সময় নির্ধারণ আরও সুস্পষ্টভাবে করা প্রয়োজন। সবজি হিসেবে কাঁচাপেঁপে কখন পরিপক্ক হয়, তা নির্ধারণ করতে হবে এবং কি ধরনের লক্ষণ বা চিহ্ন দেখে সংগ্রহ করা হবে, সে বিষয়টিও প্রতিবেদনে পরিষ্কারভাবে উপস্থাপন করতে হবে। এ প্রসঙ্গে ড. মোঃ মসিউর রহমান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল বিভাগ, এইচআরসি, বিএআরআই, গাজীপুর প্রস্তাব করেন পেঁপে ফসলের জন্য হারভেস্ট ইনডেক্স নির্ধারণে latex ও total soluble solids (TSS) পরিমাপ করে তা নিরূপণ করা যেতে পারে। পেঁয়ারা ফসলের Introduction অংশটি আরও তথ্যবহুল ও প্রাসঙ্গিক করে পুন:লিখন করার নির্দেশনা প্রদান করেন। ড. আশরাফুল আলম, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল বিভাগ, এইচআরসি, বিএআরআই, গাজীপুর কৃষকের নাম Abstract না দিয়ে Materials and Methods অংশের Site Selection উপধারায় উপস্থাপন করাই অধিক যুক্তিসংগত বলে মত প্রকাশ করেন।

Salam

৪.০। ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট অ্যান্ড ট্রেনিং কনসালট্যান্ট, PARTNER প্রোগ্রাম, এপিসিইউ-বিএআরসি মতামত বলেন, প্রতিটি ফসলের প্রতিবেদনে সাইনবোর্ডের তথ্যের ক্ষেত্রে GAP ইউনিট, বিএআরসি কর্তৃক অনুমোদিত ডিজাইনটি উল্লেখ করার অনুরোধ করেন। এছাড়াও তিনি ফসলের ফলন টনের পরিবর্তে মেট্রিক টনে উপস্থাপনের সুপারিশ করেন।

৫.০। ড. হোসেন Introduction এবং Discussion অংশে যদি একই ধরনের তথ্য উপস্থাপন করা হয়, তবে উভয় ক্ষেত্রেই একই বছরের তথ্যসূত্র reference ব্যবহার করা উচিত। তিনি বলেন Introduction অংশে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো BBS ২০২০ সালের তথ্য ব্যবহার করা হয়, তবে Discussion অংশে BBS ২০২১ সালের তথ্য ব্যবহার না করাই যুক্তিসংগত।

**অতঃপর সভার অংশগ্রহণকারীগণের মধ্যে উন্মুক্ত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

১. বিভিন্ন ফসলের সংগ্রহের উপযুক্ত পরিপক্কতা নির্ধারণ স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
২. কৃষকের নাম সারাংশে Abstract না দিয়ে Materials and Methods অংশের Site Selection উপধারায় উপস্থাপন করতে হবে।
৩. প্রতিটি ফসলের প্রতিবেদনে সাইনবোর্ডের তথ্যের ক্ষেত্রে GAP ইউনিট, বিএআরসি কর্তৃক অনুমোদিত Approved ডিজাইনের তথ্যাবলী কারিগরি প্রতিবেদনে উল্লেখ করা।
৪. ফলনের টনে শব্দের পরিবর্তে মেট্রিক টনে উপস্থাপন করা।
৫. ফসলের প্রকৃত উৎপাদনের পূর্ণাঙ্গ চিত্র এর জন্য সমষ্টিগত ফলনের তথ্য রির্পোটে উল্লেখ করা।
৬. রেফারেন্সের ক্ষেত্রে বিএআরসি'র জার্নালের গাইডলাইন অনুসরণ করা।
৭. মাটি, পানি ও MRL পরীক্ষা রির্পোট কারিগরি প্রতিবেদনে উল্লেখ করা।

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৪/২০২৫

(ড. মোঃ আবদুছ ছালাম)
সদস্য পরিচালক (শস্য)
ও
আহবায়ক
GAP ইউনিট, বিএআরসি

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

**বাংলাদেশ GAP খসড়া প্রোটোকলে নির্বাচিত সাত (০৭)টি ফসলের পোস্ট হার্ভেস্ট ও পরিবহন বিষয়ক অনুচ্ছেদ অন্তর্ভুক্ত করতঃ উপস্থাপন বিষয়ক কারিগরি সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) ও আহবায়ক, GAP ইউনিট বিএআরসি। |
| তারিখ ও সময় | : | ১০ এপ্রিল ২০২৫ খ্রি.; সকাল ১০:০০ ঘটিকা। |
| স্থান | : | সভাকক্ষ-২, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| কর্মশালার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট 'ক' |

বাংলাদেশ GAP খসড়া প্রোটোকলে সাতটি নির্বাচিত ৭টি ফসলের পোস্ট হার্ভেস্ট ও পরিবহন বিষয়ক অনুচ্ছেদ অন্তর্ভুক্ত করতঃ উপস্থাপন বিষয়ক এক কারিগরি সভা গত ১০ এপ্রিল ২০২৫ খ্রি. সকাল ১০:০০ ঘটিকায় বিএআরসি মিলনায়তন, ফার্মগেট, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) ও আহ্বায়ক, GAP ইউনিট, বিএআরসি। সভার শুরুতে সভাপতির বক্তব্যে উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে তিনি জানান যে, GAP মানদন্ডের ভিত্তিতে নির্বাচিত ৭টি ফসলের বাংলাদেশ GAP প্রোটোকল চূড়ান্তকরণের অংশ হিসেবে ভ্যালিডেশন ট্রায়াল চলমান রয়েছে। টেকনিক্যাল কমিটির সিদ্ধান্ত মোতাবেক GAP খসড়া প্রোটোকলে পোস্ট হারভেস্ট ও পরিবহন বিষয়ক অনুচ্ছেদ অন্তর্ভুক্ত থাকায় তা সংযোজন অত্যাবশ্যক।

২.০। অতঃপর তিনি সভার সূচি অনুযায়ী নির্বাচিত ০৭ (সাতটি) ফসলের বাংলাদেশ GAP খসড়া প্রোটোকলে পোস্ট হার্ভেস্ট ও পরিবহন বিষয়ক অনুচ্ছেদ উপস্থাপনের জন্য মনোনীত ৭জন বিজ্ঞানীকে আহবান জানান। ডঃ এটিএম তানজিমুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর, ড. মোহাম্মদ রবিউল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সবজি বিভাগ, এইচআরসি, বিএআরআই, গাজীপুর, ড. মোহাম্মদ এমদাদুল হক, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল বিভাগ, এইচআরসি, বিএআরআই, গাজীপুর, ডঃ মোঃ ছামছুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর, জনাব মোহাম্মদ জিল্লুর রহমান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল বিভাগ, এইচআরসি, বিএআরআই, গাজীপুর এবং জনাব মাহবুবুর রহমান সেলিম, পিএসও, সবজি বিভাগ বিজ্ঞানীগণ নির্বাচিত ফসল যথাঃ আলু, চিচিঙ্গা, আনারস, কচুর লতি, জারা লেবু ও করলার পোস্ট হার্ভেস্ট ও পরিবহন বিষয়ক অনুচ্ছেদ GAP খসড়া প্রোটোকলে সংযোজনের উদ্দেশ্যে সভায় উপস্থাপন করেন।

৩.০। আলোচনার এ পর্যায়ে ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট অ্যান্ড ট্রেনিং কনসালট্যান্ট, PARTNER প্রকল্প, এপিসিইউ-বিএআরসি উল্লেখ করেন যে, 'পোস্ট হারভেস্ট ও পরিবহন' বিষয়ক অনুচ্ছেদের শিরোনাম প্রতিটি ফসলের যেন একইরকম হয়, তা নিশ্চিত করা প্রয়োজন। তিনি আরও বলেন, শিরোনামে ফসলের নাম সংযোজন করা যেতে পারে—যেমন: আনারস সংগ্রহ এবং সংগ্রহোত্তর অন্যান্য ব্যবস্থাপনা। এই প্রস্তাবের প্রেক্ষিতে ড. যাকীয়াহ রহমান মনি, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পুষ্টি) ও সদস্য সচিব, GAP ইউনিট, বিএআরসি, "অন্যান্য" শব্দটি বাদ দিয়ে আনারস সংগ্রহ এবং সংগ্রহোত্তর ব্যবস্থাপনা শিরোনাম করার প্রস্তাব দেন। তিনি আরও জানান যে, টেকনিক্যাল কমিটির সিদ্ধান্ত অনুযায়ী "Handling and Marketing" বিষয়ক একটি স্বতন্ত্র অধ্যায় সংযোজনের নির্দেশনা রয়েছে। ডঃ মোঃ জিয়াউর রহমান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কীটতত্ত্ব বিভাগ, বিএআরআই, গাজীপুর 'সংগ্রহোত্তর' এর স্থলে 'সংগ্রহ পরবর্তী' শব্দ ব্যবহারের পরামর্শ প্রদান করেন। এই প্রেক্ষিতে ড. মিয়া সাঈদ হাসান প্রস্তাব করেন যে, সংগ্রহ পরবর্তী ব্যবস্থাপনা ও বাজারজাতকরণ" (Postharvest Handling and Marketing) শিরোনামে একটি পৃথক

Salam

অধ্যায় অন্তর্ভুক্ত করা যেতে পারে। একই সঙ্গে, সংগ্রহ ও ফলন" (Pineapple Harvest and Yield) নামে অন্য একটি পৃথক অধ্যায় যুক্ত করা যেতে পারে। তিনি অন্যান্য ফসলের ক্ষেত্রেও একই রীতি অনুসরণ করার পরামর্শ প্রদান করেন। এতদসঙ্গে তিনি বানান, বাক্যগঠন ও সংশ্লিষ্ট ফসলভিত্তিক অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যবস্থাপনার বিষয়বস্তুগুলো প্রমিত বাংলায় সুসংগঠিতভাবে উপস্থাপন করার অনুরোধ করেন।

**অতঃপর সভার অংশগ্রহণকারীগণের মধ্যে উন্মুক্ত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

১. প্রতিটি ফসরের শিরোনামের ক্যাপশন একই রকম লিখা ও ধারাবাহিকতা অনুসরণ।

২. নির্দিষ্ট ফসলে সংগ্রহ পরবর্তী ব্যবস্থাপনা ও বাজারজাতকরণ" এবং ফসল সংগ্রহ ও ফলন অধ্যায় অন্তর্ভূক্ত করা।

৩. বানান, বাক্য গঠন সকল ফসলের ক্ষেত্রে প্রযোজ্য অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যবস্থাপনা বিষয়ক তথ্যাবলী প্রমিত বাংলায় লিপিবদ্ধ করা।

৪। সংগ্রহ পরবর্তী ব্যবস্থাপনা বাজারজাতকরণ শিরোনামে বাছাইকরণ ও গ্রেডিং, প্যাকেজিং, সংরক্ষণ, পরিবহন এবং বাজারজাতকরণ ইত্যাদি পয়েন্ট অন্তর্ভূক্ত করে নতুন অধ্যায় সংযোজন করে আগামী ৭ কর্মদিবসের মধ্যে GAP ইউনিট, বিএআরসিতে প্রেরণ।

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

29/08/2025

(ড. মোঃ আবদুছ ছালাম)
সদস্য পরিচালক (শস্য)
ও
আহবায়ক
GAP ইউনিট, বিএআরসি